


নির্দেশাবলী :

- ১। বাজেট বরাদ্দ অনুযায়ী এবং আর্থিক বিধিবিধান অনুসরণপূর্বক ব্যয় নির্বাহ করতে হবে। কোন ভাবেই এক খাতের অর্থ অন্য খাতে ব্যয় করা যাবে না। বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত ব্যয় করা যাবে না।
- ২। চলতি অর্থ বছরের ছাড়কৃত অর্থ পরবর্তী অর্থ বছরে ব্যয় করা যাবে না এবং ৩০ শে জুন/২০১৬ তারিখের মধ্যে ব্যাংক স্টেটমেন্টসহ চূড়ান্ত প্রতিবেদন ও অব্যয়িত অর্থ প্রকল্প সদর দপ্তরে ফেরৎ প্রদান করতে হবে।
- ৩। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধি লংঘন বা অন্য কোন অনিয়মের জন্য আয়ন-ব্যয়ন কর্মকর্তা দায়ী থাকবে।
- ৪। যাবতীয় ক্রয়ে পিপিআর অনুসরণ করতে হবে।
- ৫। ছাড়কৃত অর্থ সরকারী বিধিবিধান পরিপালন করে ব্যয় নির্বাহ পূর্বক পৃথক রেজিস্ট্রারে হিসাব সংরক্ষণ করতে হবে।
- ৬। মালামাল ক্রয়ের ক্ষেত্রে অবশ্যই ক্রয়কৃত মালামাল মজুত রেজিস্ট্রারে এন্ট্রি করতে হবে।
- ৭। ভ্রমণ বিবরণী দাখিলের পর বিধি মোতাবেক অনুমোদন পূর্বক তা পরিশোধ করা যাবে। কোন ভাবেই বেতনভাতা বিলের সাথে বা মাস্টাররোলের মাধ্যমে পরিশোধ করা যাবে না। জ্বালানী খাতে ব্যয়ের ক্ষেত্রে অবশ্যই লগ বহিতে যথাযথভাবে এন্ট্রি দিতে হবে।
- ৮। কোন খাতে অব্যয়িত অর্থ থাকলেও বরাদ্দ, নির্দেশাবলী বা বিধিবিধান লঙ্ঘন করে তা ব্যয় করা যাবে না। কোন বিষয় স্পষ্টীকরণ প্রয়োজন হলে প্রকল্প সদর দপ্তরে যোগাযোগ করতে হবে।
- ৯। ছাড়কৃত অর্থ সোনালী ব্যাংক লিঃ, সোনালী রোড শাখার মাধ্যমে অনলাইনে প্রেরিত হবে। উপজেলায় নিকটবর্তী সোনালী ব্যাংক লিঃ এর শাখায় যোগাযোগ করে অর্থ প্রাপ্তি নিশ্চিত করতে হবে। অর্থ প্রাপ্তিতে বিলম্ব হলে প্রকল্প সদর দপ্তরকে অবহিত করতে হবে।

প্রকৌশলী মোঃ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (IRESPPW)
ফোনঃ ০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

উপজেলা-

জেলা-

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। উপ-পরিচালক, বিআরডিবি, জেলা-
- ২। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৩। সংশ্লিষ্ট নথি।